গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১২৩/২০১৮-১৯
ঢাকা, সোমবার ২৪ ডিসেম্বর ২০১৮, ১০ পৌষ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। তথ্যপ্রযুক্তির অপপ্রয়োগ সম্পর্কে সশস্ত্রবাহিনীকে ধারণা রাখতে হবে : রাষ্ট্রপতি

২। বর্তমান সরকার খেলাধুলার উন্নয়ন ও সম্প্রসারণে অবকাঠামো সুবিধাসহ
আর্থিক ও কারিগরি সহায়তা দিয়ে যাচ্ছে : রাষ্ট্রপতি

৩। ঢাকার কামরাঙ্গীরচরে প্রধানমন্ত্রীর জনসভা আজ

৪। ক্ষুধামুক্ত সোনার বাংলা গড়ব : প্রধানমন্ত্রী

৫। আলোচনার মাধ্যমে রোহিঙ্গা সংকট সমাধান চেয়েছি : টাইমস নাও-কে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৬। প্রাথমিক সমাপনী, জেএসসি ও জেডিসি'র ফল প্রকাশ আজ
বই উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৭। নির্বাচনে দায়িত্ব পালনে সেনাবাহিনী মাঠে নামছে আজ

৮। জামায়াতের ২৫ নেতার প্রার্থিতা বহাল রাখার সিদ্ধান্ত ইসি'র
গাইবান্ধা-৩ আসনে নির্বাচনের পুনঃতফসিল ঘোষণা

৯। ভোটের দিন যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা

১০। নির্বাচন নিয়ে যুক্তরাষ্ট্রের বিবৃতিতে মর্মাহত বাংলাদেশ

১১। যেকোনো চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত : পটিয়ায় বিজিবি মহাপরিচালক

১২। রাজশাহী নগরভবনে বঙ্গবন্ধু কর্নার স্থাপন

চলমান পাতা-২

১। **তথ্যপ্রযুক্তির অপপ্রয়োগ সম্পর্কে সশস্ত্রবাহিনীকে ধারণা রাখতে হবে : রাষ্ট্রপতি**

বিশ্বব্যাপী সাইবার অপরাধ বেড়ে যাওয়ার পরিপ্রেক্ষিতে সশস্ত্রবাহিনীর কর্মকর্তাদের এ সম্পর্কে সম্যক ধারণা রাখার ওপর জোর দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। তিনি বলেছেন, একটি পেশাদার ও প্রশিক্ষিত সশস্ত্রবাহিনী জাতীয় উন্নয়ন এবং নিরাপত্তার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সশস্ত্রবাহিনীর পেশাদারিত্ব অর্জনের জন্য সদা পরিবর্তনশীল যুদ্ধকৌশল ও তথ্যপ্রযুক্তির বিকাশের দিকেও লক্ষ্য রাখতে হবে। প্রযুক্তির প্রসার সাইবার ক্রাইমের মাত্রাকে বাড়িয়ে দিচ্ছে উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, তথ্যপ্রযুক্তি ও তার অপপ্রয়োগ সম্পর্কেও কর্মকর্তাদের সম্যক ধারণা থাকার প্রয়োজনীয়তা অনস্বীকার্য। গতকাল (২৩ ডিসেম্বর রোববার) মিরপুর সেনানিবাসের সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজে (ডিএসসিএসি) ন্যাশনাল ডিফেন্স কোর্স ও এএফডব্লিউ কোর্সের সমাপনী অনুষ্ঠানে এ বিষয়ে কথা বলেন রাষ্ট্রপতি। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

২। **বর্তমান সরকার খেলাধুলার উন্নয়ন ও সম্প্রসারণে অবকাঠামো সুবিধাসহ আর্থিক ও কারিগরি সহায়তা দিয়ে যাচ্ছে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি আবদুল হামিদ বলেছেন, স্বাধীনতা পরবর্তী সময়ে জাতির পিতা ক্রীড়াঙ্গনকে ঢেলে সাজানোর উদ্যোগ গ্রহণ করেন। তিনি নিজেই যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কার্যক্রম তদারকি করতেন, যা ছিল ক্রীড়ার প্রতি তাঁর গভীর আগ্রহের বহিঃপ্রকাশ। বর্তমান সরকারও দেশে খেলাধুলার উন্নয়ন ও সম্প্রসারণে অবকাঠামো সুবিধাসহ আর্থিক ও কারিগরি সহায়তা দিয়ে যাচ্ছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে বঙ্গমাতা-বঙ্গবন্ধু প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ টুর্নামেন্টের ফাইনালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে রাষ্ট্রপতি এসব কথা বলেন। রাষ্ট্রপতি বলেন, বঙ্গমাতা-বঙ্গবন্ধু প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ইতোমধ্যে প্রশংসনীয় পর্যায়ে পৌঁছেছে। ক্রীড়া পরিদফতরের এ উদ্যোগকেও সাধুবাদ জানান রাষ্ট্রপতি। এ টুর্নামেন্ট ফুটবলের মান ও জনপ্রিয়তা বৃদ্ধিতে সহায়তা করবে বলে মনে করেন রাষ্ট্রপতি। ফুটবলকে আরও জনপ্রিয় করার পাশাপাশি এ টুর্নামেন্ট নতুন নতুন প্রতিভাবান খেলোয়াড় তৈরিতেও সহায়তা করবে। বঙ্গবন্ধু জাতীয় অ-১৭ চ্যাম্পিয়নশিপের প্রথম আসরে চ্যাম্পিয়ন হয়েছে রংপুর বিভাগ। গতকাল (২৩ ডিসেম্বর রোববার) ফাইনালে রংপুর বিভাগ ২-১ গোলে রাজশাহীকে হারিয়ে ট্রফি জিতে। সূত্র-**সংবাদ** (পৃ.৮,ক.২) , **সমকাল (পৃ.১৯,ক.১)**, **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.১), **ডেইলি সান** (পৃ.৮,ক.১)।

৩। **ঢাকার কামরাঙ্গীরচরে প্রধানমন্ত্রীর জনসভা আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (২৪ ডিসেম্বর সোমবার) বেলা ১১টায় ঢাকার কামরাঙ্গীরচর মাঠে নির্বাচনি জনসভায় প্রধান অতিথির বক্তব্য রাখবেন। একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে রাজধানীতে এটাই প্রধানমন্ত্রী শেখ হাসিনার শেষ নির্বাচনি জনসভা। ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের উদ্যোগে আয়োজিত জনসভায় দলের জাতীয় নেতা, মহানগর দক্ষিণের বিভিন্ন নির্বাচনি এলাকায় আওয়ামী লীগ ও মহাজোট মনোনীত প্রার্থীরা উপস্থিত থাকবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

৪। **ক্ষুধামুক্ত সোনার বাংলা গড়ব : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নৌকা মার্কায় ভোট দেওয়ার আহ্বান জানিয়ে বলেছেন, আমি সকলের কাছে ভোট চাই, নৌকায় ভোট দিন, আমি উন্নয়ন দেব, সমৃদ্ধ জীবন দেব। ক্ষুধামুক্ত, দারিদ্র্যমুক্ত সোনার বাংলা গড়ে তুলবো। গতকাল (২৩ ডিসেম্বর রোববার) রংপুর ও দিনাজপুরের বিভিন্ন এলাকার জনসভা ও পথসভায় বক্তৃতাকালে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), সংবাদ (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক,২)।

৫। **আলোচনার মাধ্যমে রোহিঙ্গা সংকট সমাধান চেয়েছি : টাইমস নাও-কে প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

রোহিঙ্গাদের পুরো জীবন শরণার্থী শিবিরে কাটতে পারেনা বলে উল্লেখ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ভারতীয় গণমাধ্যম টাইমস নাও-কে দেওয়া সাক্ষাৎকারে তিনি এ মন্তব্য করেন। প্রধানমন্ত্রী বলেন, প্রতিবেশী মিয়ানমারের সঙ্গে বিবাদের বদলে আলোচনার মধ্য দিয়ে সংকটের সমাধান করতে চেয়েছি বলেই মানবিক কারণে

রোহিঙ্গাদের আশ্রয় দেওয়া হয়েছে। রোহিঙ্গা সমস্যা সমাধানে ভারতের মধ্যস্থতা আশা করেছেন বলেও প্রধানমন্ত্রী তাঁর সাক্ষাৎকারে উল্লেখ করেন। গত ২২ ডিসেম্বর শনিবার গণভবনে টাইমস নাও-এর সাংবাদিক এ বিপুল পরিমাণ মানুষের চাপ নেওয়ার ব্যাপারে প্রধানমন্ত্রীর কাছে জানতে চান। উত্তরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা একাত্তরের মুক্তিযুদ্ধে বাংলাদেশের ১ কোটি শরণার্থীর ভারতে আশ্রয় নেওয়ার প্রসঙ্গ তুলে ধরেন। এজন্য ভারতের কাছে আবারও কৃতজ্ঞতা প্রকাশ করে তিনি বলেন, বাংলাদেশের পক্ষে মানবিক কারণেই রোহিঙ্গাদের উপেক্ষা করা সম্ভব হয়নি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬)।

**৬। প্রাথমিক সমাপনী, জেএসসি ও জেডিসি'র ফল প্রকাশ আজ**
**বই উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

আজ পঞ্চম শ্রেণীর প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী এবং অষ্টম শ্রেণির জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার ফল প্রকাশ হচ্ছে। আনুষ্ঠানিকভাবে সকাল ১০টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলাফলের কপি হস্তান্তর করা হবে। এরপর শিক্ষামন্ত্রী দুপুর ১২টায় এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী বেলা ১টায় পৃথক সংবাদসম্মেলন করে এ দুই পরীক্ষার ফল প্রকাশ করবেন। ফল প্রকাশের পাশাপাশি প্রধানমন্ত্রী বই উৎসবেরও আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। এরপর ১ জানুয়ারি শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ অথবা শিক্ষা সচিব সোহরাব হোসাইন সারাদেশে একযোগে বই উৎসবের উদ্বোধন করবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (শেষ প,ক.৪)।

**৭। নির্বাচনে দায়িত্ব পালনে সেনাবাহিনী মাঠে নামছে আজ**

নির্বাচনে দায়িত্ব পালনে সেনাবাহিনী মাঠে নামছে আজ (২৪ ডিসেম্বর সোমবার)। গতকাল (২৩ ডিসেম্বর রোববার) থেকে তারা নিজ নিজ দায়িত্বপ্রাপ্ত এলাকায় রওনা দেয়। অনেক স্থানে গতকালই ক্যাম্প তৈরির কাজ শুরু করেন সেনাসদস্যরা। সেনাবাহিনীর পাশাপাশি নৌবাহিনীর সদস্যরাও নির্বাচনে দায়িত্ব পালন করবেন। ২৪ ডিসেম্বর থেকে ২ জানুয়ারি পর্যন্ত তারা মাঠে থাকবেন। ৩৮৯ উপজেলায় সেনা ও উপকূলবর্তী ১৮টি উপজেলায় নৌবাহিনীর সদস্যরা দায়িত্ব পালন করবেন। নির্বাচনে তারা রিটার্নিং কর্মকর্তার সঙ্গে সমন্বয় করে টহল ও অন্যান্য আভিযানিক কার্যক্রম পরিচালনা করবেন। গত ১৮ ডিসেম্বর থেকে আইনশৃঙ্খলা রক্ষায় স্ট্রাইকিং ফোর্স হিসেবে মাঠে রয়েছেন এক হাজার ১৬ প্লাটুন বিজিবি সদস্য। ২ জানুয়ারি পর্যন্ত তাদের মাঠে থাকার কথা রয়েছে। অন্যান্য এলাকার পাশাপাশি বিজিবি সীমান্তবর্তী ৮৭ উপজেলায় কার্যক্রম পরিচালনা করবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে ইতোমধ্যে সেনা মোতায়েন সংক্রান্ত একটি পরিপত্র জারি করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৮। জামায়াতের ২৫ নেতার প্রার্থিতা বহাল রাখার সিদ্ধান্ত ইসি'র**
**গাইবান্ধা-৩ আসনে নির্বাচনের পুনঃতফসিল ঘোষণা**

যুদ্ধাপরাধের দায়ে অভিযুক্ত ও নির্বাচন কমিশনের নিবন্ধন হারানো জামায়াতে ইসলামীর ২৫ নেতার প্রার্থিতা বহাল রাখার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। গতকাল (২৩ ডিসেম্বর রোববার) প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদার সভাপতিত্বে অনুষ্ঠিত কমিশন সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়া সভায় আদালতের রায়ে দলীয় প্রার্থিতা বাতিল হওয়া আসনে বিএনপি'র দাবি অনুযায়ী পুনঃতফসিল বা বিকল্প প্রার্থী দেওয়ার সুযোগের আবেদন নাকচ করা হয়েছে। অন্যদিকে, গাইবান্ধা-৩ আসনে নির্বাচনের পুনঃতফসিল ঘোষণা করা হয়েছে। এতে মনোনয়নপত্র দাখিলের শেষ সময় রাখা হয়েছে ২ জানুয়ারি এবং ভোটগ্রহণ করা হবে ২৭ জানুয়ারি। সভাশেষে ইসি সচিব হেলালুদ্দীন আহমদ প্রেস ব্রিফিংয়ে এসব তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৯। ভোটের দিন যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা**

আগামী ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে সারাদেশে যানবাহন চলাচলের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে সড়ক ও মহাসড়ক বিভাগ। আগামী ২৯ ডিসেম্বর মধ্যরাত থেকে ৩০ ডিসেম্বর রাত ১২টা

পর্যন্ত সড়কপথে সব ধরনের মোটরযান চলাচল বন্ধ থাকবে। গতকাল (২৩ ডিসেম্বর রোববার) সড়ক ও মহাসড়ক বিভাগ থেকে এক প্রজ্ঞাপনে এ আদেশ জারি করা হয়। প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে, আগামী ২৯ ডিসেম্বর শনিবার রাত ১২টা থেকে ৩০ ডিসেম্বর রোববার মধ্যরাত পর্যন্ত সড়কপথে সব ধরনের যান চলাচল বন্ধ ঘোষণা করেছে সড়ক পরিবহণ মন্ত্রণালয়। এর আগে ২৮ ডিসেম্বর শুক্রবার রাত ১২টা থেকে ১ জানুয়ারি মঙ্গলবার মধ্যরাত পর্যন্ত মোটরসাইকেলের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৩)।

**১০। নির্বাচন নিয়ে যুক্তরাষ্ট্রের বিবৃতিতে মর্মাহত বাংলাদেশ**

আগামী ৩০ ডিসেম্বর অনুষ্ঠেয় জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে বাংলাদেশ মর্মাহত হয়েছে। গতকাল (২৩ ডিসেম্বর রোববার) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয় বাংলাদেশের নির্বাচন কমিশন নির্বাচন পরিচালনা করছে। প্রতিষ্ঠানটি স্বাধীন ও সাংবিধানিকভাবে নির্ধারণ করছে কারা নির্বাচন পর্যবেক্ষণ করতে পারবে কিন্তু পর্যবেক্ষণে ইচ্ছুক 'এশিয়ান নেটওয়ার্ক ফর ফ্রি ইলেকশন্স' (এএনএফআরইএল) যে তাদের আবেদন প্রত্যাহার করে নিয়েছে, তা একেবারেই তাদের নিজস্ব বিষয়। মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী মুখপাত্র রবার্ট পালাদিনো গত ২১ ডিসেম্বর এক বিবৃতিতে বলেছিলেন, যথাসময়ে এএনএফআরইএলের পর্যবেক্ষকদের ভিসা ও অনুমোদন দিতে ব্যর্থ হওয়ায় বাংলাদেশ সরকারের বিষয়ে যুক্তরাষ্ট্র হতাশ। তার ভাষ্য, এএনএফআরইএল ৩০ ডিসেম্বর অনুষ্ঠিতব্য নির্বাচনে পর্যবেক্ষক পাঠানোর সিদ্ধান্ত বাতিল করেছে। এর প্রতিক্রিয়ায় গতকাল বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে বলা হয়, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে নিবন্ধন থাকা সব রাজনৈতিক দল অংশগ্রহণ করছে। নির্বাচন কমিশন এখন পর্যন্ত ১১৮টি স্থানীয় নির্বাচন পর্যবেক্ষণ সংস্থার প্রায় ২৬ হাজার পর্যবেক্ষককে অনুমোদন দিয়েছে। আবেদনকারীদের মধ্যে ১৭৫ জন বিদেশি পর্যবেক্ষককে অনুমোদন দেওয়া হয়ে গেছে এবং বাকিদের অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে। এএনএফআরইএলের প্রায় অর্ধেক পর্যবেক্ষক অনুমোদন পেয়েছেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**১১। যেকোনো চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত : পটিয়ায় বিজিবি মহাপরিচালক**

সুষ্ঠু ও নিরাপদ নির্বাচন অনুষ্ঠানের জন্য আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণসহ যেকোনো চ্যালেঞ্জ মোকাবিলা করতে প্রস্তুত রয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। নির্বাচনচলাকালীন পটিয়াসহ দেশের যেকোনো সংসদীয় এলাকায় সহিংসতার ঘটনা নিয়ন্ত্রণে বিজিবি'র সব ধরনের প্রস্তুতি রয়েছে। সারাদেশে ১ হাজার ১১৫ প্লাটুন বিজিবি মোতায়েন করা হবে। গতকাল (২৩ ডিসেম্বর রোববার) চট্টগ্রাম-১২ (পটিয়া) সংসদীয় এলাকায় বিজিবি'র অস্থায়ী ক্যাম্প পরিদর্শনকালে মহাপরিচালক মেজর জেনারেল সাফিনুল ইসলাম সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), ইত্তেফাক (পৃ.১৯,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৭)।

**১২। রাজশাহী নগরভবনে বঙ্গবন্ধু কর্নার স্থাপন**

রাজশাহী নগরভবনে বঙ্গবন্ধু কর্নার উদ্বোধন করেছেন সিটি কর্পোরেশনের মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন। গতকাল (২৩ ডিসেম্বর রোববার) এ কর্নারের উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র খায়রুজ্জামান লিটন বলেন, জাতির পিতা বঙ্গবন্ধুর স্মৃতিকে ধরে রাখতে ও বঙ্গবন্ধু সম্পর্কে মানুষকে জানাতে নগরভবনে বঙ্গবন্ধু কর্নার প্রতিষ্ঠা করা হলো। এখানে যারা আসবেন তারা বঙ্গবন্ধু সম্পর্কে জানতে পেরে বঙ্গবন্ধুকে জানার আগ্রহ বেড়ে যাবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৫,ক.৬), ইত্তেফাক (পৃ.১৬,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.৩)।

## সম্পাদকীয়

**ক.** **সমকাল :** একাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে রাজনৈতিক দল ও জোটগুলোর ইশতেহার প্রকাশ সম্পন্ন হয়েছে উল্লেখ করে যে দলই ক্ষমতায় **যাক না কেন সব দলকেই তাদের ইশতেহারে দেওয়া** প্রতিশ্রুতি যথযথ বাস্তবায়ন করার আহ্বান ।

**খ.** **ভোরের কাগজ :** দেশের দক্ষিণাঞ্চলের ৮৮টি নৌপথে এবার নাব্য সংকট দেখা দিয়েছে উল্লেখ করে নাব্য সংকট দূর করতে নদীগুলো থেকে অবৈধ দখলদারিত্বের অবসান ও নদী খননের ওপর গুরুত্বারোপ।

**গ.** **সংবাদ :** ভোলা-১ আসনের ৪ প্রার্থী এক মঞ্চে দাড়িঁয়ে সন্ত্রাস ও কালো টাকার প্রভাবমুক্ত নির্বাচনের অঙ্গীকার করার দৃস্টান্ত অনুরসনীয় বলে মতপ্রকাশ।

**ঘ.** **এশিয়ান এজ :** সড়ক দুর্ঘটনা কোনোভাবেই কমছে না উল্লেখ করে সড়ক দুর্ঘটনা রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শহরের সাথে সাথে গ্রামেরও শিক্ষার গুনগত মান বৃদ্ধিতে নজর দিতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষাপ্রতিষ্ঠানকে আরো শিশুবান্ধব করতে হবে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, শিশুর প্রতি সহিংসতা বন্ধে বিদ্যমান আইনের কঠোর প্রয়োগ, প্রয়োজনে নতুন আইন প্রণয়নের পাশাপাশি সামাজিক আন্দোলন জোরদার করা ও জরুরি।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা